# যৌথ অভিযান দায়মুক্তি আইন, ২০০৩

( ২০০৩ সনের ১ নং আইন )

**অভ্যন্তরীণ নিরাপত্তা, জনগণের নিরাপত্তা বিধান, সন্ত্রাস দমন এবং অবৈধ অস্ত্র উদ্ধারের মাধ্যমে দেশে শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য সরকার কর্তৃক প্রতিরক্ষা বাহিনীকে ১৬ই অক্টোবর, ২০০২ তারিখে প্রদত্ত আদেশ এবং তত্পরবর্তী সময়ে প্রদত্ত আদেশসমূহ প্রদান ও ঐ সকল আদেশসমূহ বাস্তবায়নের জন্য কৃত যাবতীয় কার্য এবং উক্ত আদেশসমূহ বলে ও অনুসারে ১৬ই অক্টোবর, ২০০২ তারিখ হইতে ৯ই জানুয়ারি, ২০০৩ তারিখ কার্যদিবস পর্যন্ত সময়ের মধ্যে যৌথ অভিযানের সহিত সম্পৃক্ত কোন সদস্য বা ব্যক্তি বা শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ কর্তৃক যৌথ অভিযানে কৃত যাবতীয় কার্যাদির জন্য তাহাদিগকে দায়মুক্ত করিবার লক্ষ্যে প্রণীত আইন।**

যেহেতু অভ্যন্তরীণ নিরাপত্তা, জনগণের নিরাপত্তা বিধান, সন্ত্রাস দমন এবং অবৈধ অস্ত্র উদ্ধারের মাধ্যমে দেশে শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদানের জন্য সরকার কর্তৃক প্রতিরক্ষা বাহিনীকে ১৬ই অক্টোবর, ২০০২ তারিখে প্রদত্ত আদেশ এবং তত্পরবর্তী সময়ে প্রদত্ত আদেশসমূহ প্রদান ও ঐ সকল আদেশসমূহ বাস্তবায়নের জন্য কৃত যাবতীয় কার্য এবং উক্ত আদেশসমূহ বলে ও অনুসারে ১৬ই অক্টোবর, ২০০২ তারিখ হইতে ৯ই জানুয়ারি, ২০০৩ তারিখ কার্যদিবস পর্যন্ত সময়ের মধ্যে যৌথ অভিযানের সহিত সম্পৃক্ত কোন সদস্য বা ব্যক্তি বা শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ কর্তৃক যৌথ অভিযানে কৃত যাবতীয় কার্যাদির জন্য তাহাদিগকে দায়মুক্ত করা জনস্বার্থে সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্র্তন**

১। (১) এই আইন যৌথ অভিযান দায়মুক্তি আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৯ই জানুয়ারি, ২০০৩ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) 'আদালত' অর্থ শৃঙ্খলা বাহিনী ও উহার সদস্যগণ সম্পর্কিত আইরে অধীন গঠিত আদালত ও ট্রাইব্যুনাল ব্যতীত সুপ্রীম কোর্টসহ যে কোন দেওয়ানী বা ফৌজদারী আদালত বা ট্রাইব্যুনাল ;

(খ) 'যৌথ অভিযান' অর্থ সরকার কর্তৃক ১৬ই অেোবর, ২০০২ তারিখের আদেশবলে প্রতিরক্ষা বাহিনী, বাংলাদেশ রাইফেলস্, পুলিশ বাহিনী, আনসার ও বেসামরিক প্রশাসন সমন্বয়ে পরিচালিত কার্যক্রম;